

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ অফিসারের কার্যালয়
তজুমদ্দিন, ভোলা।
tazumuddin.bhola.gov.bd

স্মারক নং- ৩৩.০১.০৯৯১.০০০.১৯.০০১.১৮.৮৫

তারিখ: ২৯/০১/২০২০খ্রী:

নোটিশ


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রাণিসম্পদ অধিদপ্তরধীন “মহিষ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)” এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়নের নিমিত্তে উক্ত প্রকল্পের আওতায় তজুমদ্দিন উপজেলায় অনুমোদিত “মহিষ এআই কর্মী নির্বাচন নীতিমালা” অনুযায়ী মহিষ এআই কর্মী নির্বাচন কমিটির মাধ্যমে প্রাথমিকভাবে ০১ (এক) জন **মহিষ এআই কর্মী** নির্বাচন করা হবে। নিম্নোক্ত যোগ্যতার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট হইতে সাদা কাগজে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ইত্যাদি তথ্য সম্বলিত স্বহস্তে মহিষ এআই কর্মী নির্বাচন কমিটির সভাপতি বরাবরে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আগ্রহীদের আগামী ০৬/০২/২০২০খ্রী: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো।

মহিষ এআই কর্মী নির্বাচনের শর্তাবলী:

- উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- আবেদনকারীর বয়স অনূর্ধ্ব ৪০ বছরের মধ্যে হতে হবে।
- শিক্ষাগত যোগ্যতা এসএসসি পাস হতে হবে। (বিজ্ঞান বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে)।
- কৃত্রিম প্রজনন কাজের প্রতি আগ্রহী ও পরিশ্রমী বেকার যুবক।
- পূর্ব অভিজ্ঞতা, প্রশিক্ষণপ্রাপ্ত ও উচ্চতর শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে।

আবেদন পত্রের সাথে যে সকল কাগজ পত্র সংযুক্ত করতে হবে:

- শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র।
- নাগরিকত্ব সনদপত্র (ইউ.পি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত)
- চারিত্রিক সনদপত্র (গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত)
- ০২ (দুই) কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি। (হালনাগাদ তোলা ছবি)
- অন্যান্য যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র।
- বয়স প্রমাণের ক্ষেত্রে এসএসসি পাস সার্টিফিকেট গ্রহণযোগ্য।



ডা. পলাশ সরকার, পিএএ
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
তজুমদ্দিন, ভোলা।

স্মারক নং- ৩৩.০১.০৯৯১.০০০.১৯.০০১.১৮.৮৫ (৯)

তারিখ: ২৯/০১/২০২০খ্রী:

সদয় অবগতির জন্য অনুলিপি:

- প্রকল্প পরিচালক, মহিষ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়), প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
- জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভোলা।
- উপজেলা নির্বাহী অফিসার, তজুমদ্দিন, ভোলা।
- চেয়ারম্যান ----- ইউনিয়ন পরিষদ, তজুমদ্দিন, ভোলা।
- অফিস কপি।